সমকাল

তারিখ: 07 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ ১ম বর্ষ স্নাতক সম্মান/স্নাতক শ্রেণীতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

তারিখ : ০৫/০৯/২০১৬

মেমো নং-১৪৪৫-৪/২-১ (২০১৬-২০১৭)

১। (ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ ১ম বর্ষ স্নাতক সম্মান/স্নাতক শ্রেণীতে ভর্তি আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://adminssion.ru.ac.bd অথবা www.ru.ac.bd এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে আবেদন করতে হবে। ১৮-০৯-২০১৬ (দুপুর ১২টা) থেকে ০২-১০-২০১৬ (রাত ১২টা) পর্যন্ত আবেদন করা যাবে।

(খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২৩-১০-২০১৬ হতে ২৬-১০-২০১৬ তারিখ পর্যন্ত পৃথক পৃথকভাবে বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আবেদনের নিয়মাবলী এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। ভর্তির আবেদনের যোগ্যতা :

(I) ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের এসএসসি/সমমান এবং ২০১৬ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোম-ইন-কমার্স, বিএফএ (প্রাক), বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে, এসএসসি (ভকেশনাল) ও এইচএসসি (ভকেশনাল), O লেভেল ও A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই [এসএসসি বা এইচএসসি সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনসাপেক্ষে] কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। সনাতন পদ্ধতিতে ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে না। [কেবল বিএফএ (প্রাক) ডিগ্রিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ফলাফল এখনও সনাতন পদ্ধতিতে হওয়ায় তাদের আবেদন গ্রহণযোগ্য হবে, তবে তাদের মার্কশিট/সার্টিফিকেট থাকতে হবে]

(II)

মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সসহ) ন্যূনতম জিপিএ ৩.০০সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে।

বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সসহ) ন্যূনতম জিপিএ ৩.৫০সহ মোট জিপিএ ৭.৫০ পেতে হবে।

বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সসহ) ন্যূনতম জিপিএ ৩.৫০সহ মোট জিপিএ ৮.০০ পেতে হবে।

জিসিই O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড এবং ৩টি বিষয়ে কমক্ষে C গ্রেড পেতে হবে। O লেভেল এবং A লেভেল পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজিতে অনুবাদ করা হবে।

বি.দ্র. আবেদনকারী যে ইউনিটে আবেদন করুক না কেন, সে যে শাখা থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যেসব ছাত্র/ছাত্রী A ইউনিটের নাট্যকলা, সঙ্গীত বিভাগে, C ইউনিটের শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ এবং [ইউনিটের চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র, মৃৎশিল্প ও ভাস্কর্য গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার সময়সূচিসহ বিস্তারিত তথ্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে :

এছাড়া ইউনিট/বিভাগ কর্তৃক আরোপিত শর্ত সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য হবে। B ইউনিট ব্যতীত সব ইউনিটে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১০০ নম্বরের MCQ পরীক্ষায় পাস নম্বর হবে ৪০।

B ইউনিটে ৮০ নম্বরের MCQ এবং ২০ নম্বরের লিখিত পরীক্ষা এক ঘন্টা সময়ের মধ্যে অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় বিভিন্ন ইউনিটের আবেদন ফি, অনলাইনে আবেদন পদ্ধতি, ভর্তি পরীক্ষার সময়সূচি এবং ইউনিট/বিভাগ কর্তৃক আরোপিত শর্তসমূহ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ru.ac.bd-এ প্রকাশিত হবে।

**প্রফেসর ড. মুহাম্মদ এন্তাজুল হক**
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

পিসি-/১৬ (৭.৫"×৩)